



## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### নিয়োগ বিজ্ঞপ্তি

নং-রেজি/প্রশা(টিচিং)/২০১৯-২০/০৪

তারিখ : ০৮-০১-২০২০

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

বিভাগ/ইনস্টিটিউট	পদের নাম	পদের সংখ্যা
১। ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন-জেইউ	প্রভাষক (স্থায়ী)	১টি
২। পরিবেশ বিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
৩। বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট	প্রভাষক (স্থায়ী)	২টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম :

প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রভাষক : প্রার্থীদের এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০(৫.০০ স্কেলে) থাকতে হবে। ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন-জেইউ'র জন্য প্রার্থীর ৪(চার) বছর মেয়াদী বিবিএ ডিগ্রিসহ এমবিএ ডিগ্রি থাকতে হবে। বিবিএ এবং এমবিএ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। পরিবেশ বিজ্ঞান বিষয়ে আবেদনকারীদের স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটের আবেদনকারীদের বাংলা/নৃবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

বি.দ্র.ঃ এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে উপরোক্ত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হবে না।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ৭(সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন (সকাল ৮-৩০ থেকে বিকেল ৪-০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লিখিত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্যাদি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২৩-০১-২০২০

স্বাক্ষর/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)